Advertisement

আনন্দবাজার পত্রিকা অনলাইন
০৪ ফেব্রুয়ারি ২০২৫



# Jadavpur University

# যাদবপুরে র‍্যাগিং অভিযোগে বিদ্ধ, তবু চাকরি লাভ

যাদবপুরের সেই ছাত্র মৃত্যুর ঘটনায় আলিপুরে পকসো আদালতে ১৩ জন ছাত্রের বিচার চলছে। গত জুলাই, অগস্টে যাদবপুরের বর্তমান মিলিয়ে ৩২ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তির সুপারিশ করে কারণ দর্শানোর চিঠি দেন যাদবপুর কর্তৃপক্ষ।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।

**ঋজু বসু**

শেষ আপডেট: ০১ জানুয়ারি ২০২৫ ০৮:৪৩

Share: Save:

Advertisement

ওয়টসঅ্যাপ চ্যাটের স্ক্রিনশটে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মেন হস্টেলে তাঁদের দাপটের স্পষ্ট প্রমাণ রয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ সূত্রেই দাবি। ২০২৩ সালের অগস্টে র‍্যাগিংয়ের জেরে মেন হস্টেলে নবাগত ছাত্র মৃত্যুর সময়েই ওই সব বার্তা যাদবপুর কর্তৃপক্ষের ঘনিষ্ঠমহলেও ছড়ায়। ২০২৪-এর গোটা বছর পার হলেও মেন হস্টেলের ওই ‘প্রভাবশালী’ ছাত্রদের কার্যত কেশাগ্র ছোঁয়া গেল না। মফসসল থেকে যাদবপুরে পড়তে আসা নিহত ছাত্রের বাবা নতুন বছরের সূচনাতেও সেই আক্ষেপ বহন করছেন।

যাদবপুরের সেই ছাত্র মৃত্যুর ঘটনায় আলিপুরে পকসো আদালতে ১৩ জন ছাত্রের (প্রাক্তন ও বর্তমান) বিচার চলছে। আর গত জুলাই, অগস্টে যাদবপুরের প্রাক্তন, বর্তমান মিলিয়ে ৩২ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তির সুপারিশ করে কারণ দর্শানোর (শো-কজ়) চিঠি দেন যাদবপুর কর্তৃপক্ষ। তাতে বেশ কয়েক জনের আবেদনের প্রেক্ষিতে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে হাই কোর্ট। গত সপ্তাহে ফেটসুর প্রাক্তন নেতা, বর্তমানে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে পিএইচ ডি রত অরিত্র মজুমদারকে শো-কজ় করে শাস্তির প্রক্রিয়াতেও স্থগিতাদেশ দিয়েছে হাই কোর্ট। অরিত্রের তরফে আইনজীবী নীলোৎপল চট্টোপাধ্যায় বলেন, “যাদবপুর কর্তৃপক্ষ সাসপেন্ড করলে অরিত্রের পিএইচ ডি প্রক্রিয়া বাধাপ্রাপ্ত হত। হাই কোর্টের নির্দেশে সেই বাধা কেটেছে।” ছাত্র মৃত্যু ও র‍্যাগিংয়ের চক্রান্তে শরিক বলে চিহ্নিত মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের চতুর্থ বর্ষের আর এক ছাত্রও সম্প্রতি ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে চাকরি পান বলে যাদবপুর সূত্রের খবর। ওই ছাত্রকেও শো-কজ় করে সাসপেন্ড এবং হস্টেল থেকে বহিষ্কারের সুপারিশ করেন যাদবপুর কর্তৃপক্ষ। হাই কোর্ট তাতে আপাতত স্থগিতাদেশ দিয়েছে। কিন্তু এই অবস্থায় ছাত্রটি ক্যাম্পাস ইন্টারভিউয়ে সুযোগ পাওয়ায় র‍্যাগিংয়ের বিরোধী যাদবপুরের ছাত্রদের একাংশও কর্তৃপক্ষের উপরে ক্ষুব্ধ। এ প্রসঙ্গে যাদবপুরের অন্তর্বর্তী উপাচার্য ভাস্কর গুপ্ত বলেন, “র‍্যাগিংয়ে অভিযুক্ত কারও চাকরির জন্য ক্যাম্পাস ইন্টারভিউয়ে সুযোগ পাওয়ার বিষয়টি খোঁজ নিয়ে দেখব।”

মেন হস্টেলের গ্রুপে ২০২৩-এর ৯, ১০ অগস্টের সময়কার চ্যাটের স্ক্রিনশটে দেখা যাচ্ছে, নবাগত ছাত্রটি নানা অপশব্দ ব্যবহার করে কখনও

## আরও পড়ুন



**‘একটু দেখবেন, আসছি’! আর ফেরেননি মা, সিজিও কমপ্লেক্সের কাছ থেকে উদ্ধার দুই শিশু**

নবাগতদের ‘শিক্ষা’ দিতে হস্টেলে জিবি (সাধারণ সভা) ডাকার হুকুম দিচ্ছেন। মেন হস্টেলের তেতলা থেকে পড়ে নবাগত ছাত্রটির মর্মান্তিক মৃত্যুর পরেও তাঁকে মেন হস্টেলে সংবাদমাধ্যমের প্রবেশ রুখতে সক্রিয় ভূমিকায় দেখা যাচ্ছে। এত বড় অভিযোগ ওঠার পরেও সেই ছাত্রটির বিনা বাধায় চাকরি পাওয়ার কথা জেনে যাদবপুরের ছাত্রমহলেও ‘র‍্যাগার প্লেসড’ বলে হতাশার বার্তা ছড়িয়েছে। যাদবপুরের শিক্ষক সমিতি তথা জুটার সাধারণ সম্পাদক পার্থপ্রতিম রায়ের মত, “ছাত্র মৃত্যুতে সরাসরি জড়িত ছাত্রেরা ছাড়াও মেন হস্টেলের র‍্যাগিং-রীতি এবং বৃহত্তর চক্রান্তের শরিক আরও বেশ কয়েক জন ছাত্রের বিরুদ্ধে দ্রুত কড়া ব্যবস্থা নেওয়া আবশ্যক। এটা করা না-গেলে সার্বিক ভাবেই যাদবপুরের ভাবমূর্তির বিষয়ে নেতিবাচক বার্তা যাবে।”

বাস্তবে দেখা যাচ্ছে, ২০২৩-এর সেই র‍্যাগিংয়ে ছাত্র মৃত্যুর পরেও সেই ঘটনার মদতদাতারা অনেকে বহাল তবিয়তে হস্টেলে, শিক্ষাঙ্গনে ঘুরছেন। এমনকি গত জুলাইয়েই মেন হস্টেলে ফের সালিশি-সভা বসিয়ে তুলনামূলক সাহিত্যের এক ছাত্রকে হেনস্থা এবং তিনি অসুস্থ হয়ে পড়লে হস্টেলে ঢুকতে বিশ্ববিদ্যালয়ের ডাক্তারকে বাধা দানের ঘটনাও ঘটে। অন্য দিকে, ছাত্র মৃত্যুতে সরাসরি অভিযুক্তদের কয়েক জনও হাই কোর্টে জামিনের মামলা করেছেন। আলিপুর কোর্টে মেন হস্টেলের সুপারের সাক্ষ্য চলছে। নিহত ছাত্রের বাবা বলেন, “আমরা অবশ্যই পুলিশ, বিচারব্যবস্থায় আস্থা রাখছি। তবে যাদবপুরের অভ্যন্তরেও কিছু ঘটনা না-ঘটলে আশ্বস্ত হতাম।”

**(এই প্রতিবেদনটি আনন্দবাজার পত্রিকার মুদ্রিত সংস্করণ থেকে নেওয়া হয়েছে)**

অন্য বিষয়গুলি: Jadavpur University Ragging Ragging in JU



**গাফিলতি তো প্রশাসনের, ফুঁসছেন কুঁদঘাটের ম্যানহোলে তিন ছেলে হারানো দম্পতি**



**পাইপে ছিদ্র, ভোগান্তি**

Advertisement



সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:

Advertisement

## আরও পড়ুন




নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগ, পুলিশকে চড় আপ সমর্থকের! আতিশীর বিরুদ্ধে জোড়া মামলা



‘একটু দেখবেন, আসছি’! আর ফেরেননি মা, সিজিও কমপ্লেক্সের কাছ থেকে উদ্ধার দুই শিশু



নিয়মিত বিমানে চড়েন, ভ্রমণের নতুন পরিভাষা ‘আইল লাইস’ কী, জানেন?



রাগ যখ
যায়? দি
সময়গু
নয় জা

একবার এটি খেলে আপনার পুরুষত্ব ১০ গুণ বৃদ্ধি পাবে।
কিভাবে করবেন তা জানতে ক্লিক করুন
**TANTRA MAX** | Sponsored

"The Most Successful Strategy of Commodity Trading" in India
Deep Dive in Well of Commodity Market with Hiral Mam's Masterclass and Maximize Your Returns. Sign Up Now For Success!
**TradeWise** | Sponsored

Upto 15% Discount for Salaried.
30 Day Return Policy, High Cover at Affordable Rates with ICICI Pru iProtect Smart *T&C
**ICICI Pru Life Insurance Plan** | Sponsored

You Just Need to Learn His Strategy to Make Big Profits
Trade Like a Pro With This Swing Trading Masterclass by Prabhu Sir, Sign Up For Success !
**TradeWise** | Sponsored

Get a ₹1CR LifeCover at ₹448/mth today with Axis Max Life.
30% Discount for Salaried women with Axis Max Life Insurance! *T&C Apply
**Axis Max Life Insurance** | Sponsored

Complete protection with iPru All-in-one Term Plan
**ICICI Pru Life Insurance Plan** | Sponsored

Income >10L? Get 1Cr Term Plan
Are you salaried? Then get a 15% discount on your term plan with Axis Max Life. Get a ₹1CR Life Cover at just ₹527/month today with A
**Axis Max Life Insurance** | Sponsored

Khud Ko Test Kartey Raho
Keep Testing Yourself with Agilus Diagnostics
**Agilus Diagnostics** | Sponsored

Philips Brings You to KBC
Philips + KBC: Your path to the Hotseat is just one purchase away!
**Philips Air Fryer** | Sponsored

Best brand for designer 2BHK interiors! Starting @ ₹2.5L!
**HomeLane** | Sponsored

Amazon CFD: your chance for second income
Earn Second Income [Find out]
**AMZN.IN** | Sponsored

Best place to get designer, modular kitchens! From ₹1.75L
**HomeLane** | Sponsored

Neurologist: 9 Out of 10 People with Neuropathy Overlook This Key Insight
This revolutionary neuropathy massager is designed to provide targeted relief for nerve discomfort. Engineered with advanced technolog circulation and relaxation.
**Nerve Relief** | Sponsored

বন্ধ কামরায় মহিলার সঙ্গে ঘনিষ্ঠ ‘সরকারি কর্মচারী’! বিতর্ক শুরু হতেই সরানো হল ভিডিয়ো
**Anandabazar**

‘বাংলাদেশের রাজনীতির মহান চরিত্র’! খালেদার সুস্থতা কামনা করে চিঠি পাক প্রধানমন্ত্রী শরিফের

Anandabazar

Your Gateway to India's Top 50 Companies
Explore how SIP is a smart tool to plan for your financial goals. Request a call back today.
**HDFC MF – Index Fund** | Sponsored

Neurologist: 97% of People With Neuropathy Don't Know This Crucial Thing
This revolutionary neuro massager is designed to provide soothing relief and promote relaxation. With its advanced technology, it targets source, helping you unwind and rejuvenate.
**Nerve Relief** | Sponsored

This Rs.1999 Smartwatch surprises the whole country!
This new smartwatch is taking over India. See why it's gaining popularity quickly and selling out everywhere
**Online Journal** | Sponsored

Aim to Achieve Financial Goals with SIP
Looking for long-term investment plans? Discover investment plans with HSBC Mutual Funds and start your journey tod
**HDFC MF – Index Fund** | Sponsored

SBI Life - Smart Platina Supreme
**SBI Life** | Sponsored

উঠে যাবে স্কুল! চন্দ্রকোনায় শিক্ষকহীন শিক্ষাকেন্দ্রে পড়ুয়াদের নিয়ে ‘শেষ’ বাণীবন্দনা, আয়োজনে গ্রামবাসী

Anandabazar

তোলাবাজির অভিযোগ করেছিলেন আইপ্যাকের বিরুদ্ধে, সেই মদন ক্ষমা চেয়ে চিঠি লিখলেন বক্সীকে

Anandabazar

Every Indian Should Get This Incredible Rs.1999 Smartwatch
This new smartwatch is taking over India. See why it's gaining popularity quickly and selling out everywhere
**Online Journal** | Sponsored

Clear, Compelling Writing in Seconds With This Desktop App
Write Like a Pro. Anywhere. Grammarly for Windows and Mac helps you write clearer and more concisely across platforms and in the ap every day. Download now!
**Grammarly** | Sponsored

Balance Your Blood Sugar Naturally with Ayurveda
Approved by Ministry of Ayush, Govt. of India
**Goodveda** | Sponsored

**Follow us on**

**News**
Kolkata
West Bengal
India
World
Sports
Entertainment
Business
Science

**Opinion**
Editorial
Letters to the Editor

**Living**
Lifestyle
Travel
Recipes
Book Review
Horoscope

**More**
Ananda Utsav
Photo
Video
Robibashoriyo
Patrika

**Compa**
Terms of
About U
Advertis
Privacy F

**Download the latest Anandabazar app**

**Websites**

© 2025 ABP Pvt. Ltd.